

UG/3rd Sem/H/20(CBCS)

2020

**BENGALI (Honours)**

**Paper : 301 - BNGH - DC-5**

[প্রাগাধুনিক সাহিত্য (প্রথম পর্যায়)]  
(CBCS)

Full Marks : 32

Time : Two Hours

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

বিভাগ - ক

- ১। (ক) পূর্বরাগ কাকে বলে ? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে ? সংক্ষেপে তাঁর কবি প্রতিভার পরিচয় দাও। ১+১+৬=৮

অথবা

- (খ) বৈষ্ণব পদাবলীর পঞ্চরসের উল্লেখ করে তার মধ্যে মধুর রসের শ্রেষ্ঠত্বের কারণ আলোচনা করো। ২+৬=৮
- ২। (ক) জ্ঞানদাস অনুরাগ পর্যায়ে অসামান্য কৃতিত্ব দেখিয়েছেন—যুক্তিসহ আলোচনা করো। ৮

অথবা

- (খ) প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো : ২×৪=৮
- (অ) “এলাইয়া বেণী ফুলের গাঁধনি  
দেখয়ে খসায়ে চুলি।  
হসিত বয়ানে চাহে মেঘ পানে  
কি কহে দুহাত তুলি”।

(আ) “শূন ভেল মন্দির শূন ভেল নগরী।  
শূন ভেল দশ দিশ শূন ভেল সগরি।”

### বিভাগ - খ

৩। (ক) বিজয় গুপ্তের ‘পদ্মপুরাণ’ কাব্যে মধ্যযুগের যে বাঙালি সমাজচিত্র ধরা পড়েছে, তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৮

### অথবা

(খ) “মনসামঙ্গল কবিদিগের রচনার মধ্যে বিজয় গুপ্তের সনকা-চরিত্রই সর্বোৎকৃষ্ট বলিয়া অনুমিত হয়।”—সমালোচকের এই মত কতখানি গ্রহণযোগ্য বিচার করো। ৮

৪। (ক) মনসামঙ্গল কাব্যের কয়টি ধারা? বিজয় গুপ্তের ‘পদ্মপুরাণ’ কোন ধারার কাব্য? কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে এই ধারার আরও দুজন কবির নাম উল্লেখ করো।

১+১+৫+১=৮

### অথবা

(খ) বিজয় গুপ্ত তাঁর কাব্যে চাঁদ সদাগর চরিত্র সৃজনে যে কৃতিত্ব দেখিয়েছেন তার মূল্যায়ন করো। ৮